



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৫৩৬

তারিখ: ২৩/০২/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে শিক্ষকদের গুণগত মানবৃদ্ধিতে প্রশিক্ষণ অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে শিক্ষকদের নিয়ে 'টিচিং কোয়ালিটি এনহ্যান্সমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২৩ ফেব্রুয়ারি) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল ক্লাস রুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলী'র সভাপতিত্বে প্রধান অতিথি ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান।

অনুষ্ঠানের প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বলেন, "অন্যান্য পেশার সাথে শিক্ষকতা পেশার একটু ভিন্নতা আছে। শিক্ষকদের থেকে শিক্ষার্থীরা কি আশা করে এবং সমাজের মানুষেরা কি আশা করে, সেদিকে খেয়াল রেখে চলতে হয়। একজন শিক্ষক কতদিন ধরে শিক্ষকতা করতেছেন, সেটার উপর তার যোগ্যতা নির্ভর করে না বরং তার কার্যবলির উপরেই তার যোগ্যতা নির্ভর করে। শিক্ষকদের মানোন্নয়ন করার জন্য এই ধরণের সেমিনারের আয়োজন সত্যিই প্রশংসনীয়।"

অনুষ্ঠানের বিশেষ অতিথি মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, "অভিজ্ঞ এবং অনভিজ্ঞ শিক্ষক পার্থক্য করা কঠিন কিন্তু আদর্শ শিক্ষক শনাক্ত করা সহজ। একজন শিক্ষক চাইলে শিক্ষকতার প্রথম দিন থেকেই আদর্শ শিক্ষক হতে পারে। একজন আদর্শ শিক্ষক হওয়ার জন্য যে গুণাবলি দরকার তা আয়ত্ত্ব করতে পারলেই একজন শিক্ষক আদর্শ শিক্ষক হয়ে উঠতে পারে, এর জন্য অভিজ্ঞতার দরকার হয় না। একজন শিক্ষককে অবশ্যই নৈতিক মূল্যবোধ সম্পন্ন ভালো মানুষ হতে হবে, যা নির্ভর করে তার কমিটমেন্ট, ইথিক্যাল ম্যানারের উপর।"

তিনি আরো বলেন, "একজন শিক্ষক একাধারে একজন দক্ষ প্রশাসক, একজন শিক্ষাগুরু এবং একজন জ্ঞান বিতরণকারী। আমি আশা করি, আমাদের সকল শিক্ষক আদর্শ শিক্ষক হবেন এবং জ্ঞানের আলো ছড়িয়ে দিবেন।"

অনুষ্ঠানের সভাপতি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, "গত কয়েকদিন আগে আমাদের বিশ্ববিদ্যালয়ে নতুন কিছু শিক্ষক এসেছেন যারা অত্যন্ত প্রতিযোগিতা ও নিজেদের যোগ্যতায় শিক্ষক হয়েছেন। আপনারা যেহেতু একটি সম্মানীয় পেশাতে যুক্ত হয়েছেন তাই আমি আশা করছি, এই বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেয়ার জন্য আপনারা সক্রিয় থাকবেন। আপনারা ঐক্যবদ্ধ ও প্রতিজ্ঞাবদ্ধ হলে এই বিশ্ববিদ্যালয়কে আরো উঁচুমানের বিশ্ববিদ্যালয়ে গড়ে তুলতে পারবেন। শিক্ষকরা ছাত্রদের মডেল, তাই শিক্ষকদেরও গুণী ও আদর্শ শিক্ষক হতে হবে। যারা নতুন এসেছেন তারা প্রত্যেকেই একেকজন ভালো শিক্ষক ও ভালো মানুষ হবেন এবং এই বিশ্ববিদ্যালয়কে আরো উপরের দিকে উঠাবেন এই আশাবাদ ব্যক্ত করছি।"

এসময় আরো উপস্থিত ছিলেন আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. খলিফা মোহাম্মদ হেলাল, অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল করিম, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানসহ শিক্ষকবৃন্দ।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।